গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
বিরল, দিনাজপুর।

## সমবায় সমিতি পরিদর্শন প্রতিবেদন(ধারা ৪৮(২)

### অংশ-০১

১) পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী ঃ মোঃ হাফিজুর রহমান, উপজেলা সমবায় অফিসার, বিরল, দিনাজপুর।

২) পরিদর্শনের তারিখ ঃ ২৯/০২/২০২৪ খ্রিঃ।

৩) পূর্ববর্তী পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী ঃ প্রথম পরিদর্শন।

৪) পূর্ববর্তী পরিদর্শনের তারিখ ঃ প্রথম পরিদর্শন।

৫) পূর্ববর্তী পরিদর্শন প্রতিবেদনের আলোকে সমিতি কর্তৃক গৃহীত পদক্ষেপ ঃ পর্যাপ্ত ও সন্তোষজনক/অপর্যাপ্ত/অসন্তোষজনক।

### অংশ-০২

১। সমিতির নাম ঃ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি লিঃ, বিরল, দিনাজপুর।

২। সমিতির নিবন্ধন নম্বর ও তারিখ ঃ

ক) নিবন্ধন নম্বর-০০২ , তারিখ ঃ ২০/১০/২০২২ খ্রিঃ।

৩। সমিতির ঠিকানা ঃ গ্রামঃ শংকরপুর, ডাকঘরঃ বিরল, উপজেলা ঃ বিরল, জেলাঃ দিনাজপুর।

মন্তব্য/পরামর্শ ঃ সমিতির নিবন্ধিত উপ আইনে বর্ণিত ঠিকানা পরিবর্তন করা হয়নি।

৪। ব্যবস্থাপনা কমিটির তথ্য ঃ

| ক্রঃনঃ | নাম | পদবী | নির্বাচনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | জনাব উম্মে কুলসুম | সভাপতি | ২০/১০/২০২২ খ্রিঃ | প্রথম সভা ২৭/১০/২০২২ খ্রিঃ। |
| ২ | জনাব মোছাঃ মাহবুবা আক্তার | সহ-সভাপতি | ২০/১০/২০২২ খ্রিঃ | |
| ৩ | জনাব মোছাঃ নাছিমা পারভিন | সদস্য | ২০/১০/২০২২ খ্রিঃ | |
| ৪ | জনাব ময়না আক্তার | সদস্য | ২০/১০/২০২২ খ্রিঃ | |
| ৫ | জনাব মোছাঃ মেহের মেগা বেগম | সদস্য | ২০/১০/২০২২ খ্রিঃ | |
| ৬ | জনাব মোছাঃ জুলুফা আকতার | সদস্য | ২০/১০/২০২২ খ্রিঃ | |
| ৭ | জনাব মোছাঃ রেজওয়ানা হক ববি | সদস্য | ২০/১০/২০২২ খ্রিঃ | |
| ৮ | জনাব সাদিয়া আক্তার ইতি | সদস্য | ২০/১০/২০২২ খ্রিঃ | |
| ৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য | ২০/১০/২০২২ খ্রিঃ | |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য | ২০/১০/২০২২ খ্রিঃ | |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য | ২০/১০/২০২২ খ্রিঃ | |
| ১২ | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য | ২০/১০/২০২২ খ্রিঃ | |

৫। সমিতির সভ্য নির্বাচনী এলাকা ও কর্ম এলাকা ঃ সমগ্র বিরল উপজেলার মধ্যে সীমাবদ্ধ।

৬। সমিতির লক্ষ্য ও উদ্দেশ্য ঃ সমিতির সদস্যগণের নিকট শেয়ার বিক্রয় করে এবং সদস্যগণের নিকট থেকে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় ও আমানত গ্রহণের মাধ্যমে পুঁজি সৃষ্টি করা। বৈধ ব্যবসায় ও সদস্যগণের নিকট ক্ষুদ্র ঋণে পুঁজি বিনিয়োগ করে মুনাফা অর্জন করা এবং উক্ত মুনাফা শেয়ারের ভিত্তিতে সদস্যগণের নিকট বন্টন করে সমিতির সদস্যগণের আর্থ-সামাজিক উন্নয়ন সাধন করা। মহিলাদের জীবনমান উন্নয়ন ক্ষমতায়ন, সচেতনতা বৃদ্ধি ও নেতৃত্ব বিকাশে সহায়তা করা। সদস্যদের কর্মসংস্থান ও আয় বৃদ্ধির জন্য পেশাভিত্তিক, আয়বর্ধক, বাণিজ্যিক ও উন্নয়নমূলক প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা। সদস্যদের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ যেমন হস্তশিল্প, সেলাই, ব্লক-বাটিক, কম্পিউটার প্রশিক্ষণ, ফ্রি-ল্যান্সিং, ডিলারশিপ গ্রহণ, মোটরকার ড্রাইভিং, বিউটিফিকেশন কোর্স, গবাদি ও পোল্ট্রি চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা।

মন্তব্য/পরামর্শ ঃ সমিতির নিবন্ধিত উপ-আইনে বর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত পদক্ষেপঃ সন্তোষজনক।

৭। সমিতির সদস্য সংখ্যাঃ সমিতির সদস্য তালিকা বহি দৃষ্টে অদ্য পর্যন্ত সমিতির মোট সদস্য সংখ্যা ২০ জন। আলোচ্য বর্ষে কোন সদস্য ভর্তি হয় নাই এবং কোন সদস্যের সদস্য পদ বাতিল করা হয় নাই। বর্তমান সদস্য সংখ্যা ২০ জন। সদস্য তালিকা বহি হালনাগাদ লিপিবদ্ধ করা আছে।

মন্তব্য ও পরামর্শ ঃ সমিতির সদস্য তালিকা বহি বিধি ৬২(খ) মোতাবেক ফরম নং-১৪(ক) অনুযায়ী প্রণয়ন করা হয়েছে। সমিতি কর্তৃক সদস্য ব্যতীত অন্য ব্যক্তির নিকট থেকে আমানত গ্রহণ করায় আইনের ধারা ২৬(১) এর বিধান লঙ্ঘন করা হয়নি।

৮।(ক) শেয়ার মূলধন ঃ সমিতির অনুমোদিত শেয়ার মূলধনের পরিমাণ ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা। প্রতিটি শেয়ারের মূল্য ১,০০,০০০/-(একলক্ষ) টাকা হিসেবে উহা ১০০ অংশে বিভক্ত। পরিদর্শনকালে জানা যায়, সমিতির বর্তমান পরিশোধিত শেয়ার মূলধনের পরিমাণ ১৭,৩০০/-টাকা। গত ৩০ জুন পর্যন্ত পরিশোধিত শেয়ার মূলধন ১৭,৩০০/- টাকা। আইনের ধারা ১৫(২) মোতাবেক প্রতিটি শেয়ারের বর্তমান বাজার মূল্য ঃ ১০০/-(একশত) টাকা।

৯। সঞ্চয় আমানত ঃ পরিদর্শনকালে সমিতি কর্তৃক গ্রহীত মোট সঞ্চয় আমানতের পরিমাণ ৩১,৩০০/- টাকা। এর মধ্যে মাসিক সঞ্চয় আমানতের পরিমান ৩০০/-(তিনশত)টাকা। আমানত সরক্ষা তহবিল গঠন করা হয়নি।

১০। সমিতির কার্যকরী মূলধন ঃ ৪৮,৫৫৩/-টাকা। উক্ত টাকার বিবরণ নিম্নরুপঃ

ক) পরিশোধিত শেয়ার মূলধন ঃ ১৭,৩০০/- টাকা।

খ) সংরক্ষিত তহবিল ঃ নাই।

গ) সঞ্চয় আমানত ঃ ৩১,৩০০/- টাকা।

সর্বমোট ঃ ৪৮,৬০০/- টাকা।

মন্তব্য/পরামর্শ ঃ সমিতির নিবন্ধিত উপ-আইনে বর্ণিত লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের স্বার্থে সমিতির কার্যকরী মূলধন গঠনে ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আমানত গ্রহণ করা হয়েছে।

১১। সমিতির ঋণ কার্যক্রম ঃ সমিতির নিজস্ব তহবিল থেকে কোন ঋণ বিতরণ করা হয়নি।

মন্তব্য ও পরামর্শ ঃ ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সাধারণ সভা এবং বিধি ৪৬(২) অনুযায়ী নিবন্ধকের অনুমোদন গ্রহণ করা প্রয়োজন।

১২। বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ঃ পরিদর্শনকালে দেখা যায় সমিতিতে বার্ষিক সাধারণ সভা ১/০৯/২০২৩ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হয়েছে।

মন্তব্য/পরামর্শ ঃ বার্ষিক সাধারণ সভা নির্দিষ্ট সময়ে অনুষ্ঠিত হয়েছে।

১৩। ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠান ঃ পরিদর্শনকালীন নির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত রেকর্ড পর্যালোচনান্তে দেখা যায়, বিগত ২০/১০/২০২২ খ্রিঃ তারিখে সমিতির ব্যবস্থাপনা কমিটি নিয়োগের মাধ্যমে গঠিত হয়েছে। প্রথম সভা অনুষ্ঠানের তারিখ ২৭/১০/২০২২ খ্রিঃ। উক্ত কমিটির মেয়াদ আগামী ২৭/১০/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত বহাল থাকবে।

মন্তব্য/পরামর্শঃ নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে আইনের সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুসরণ করতে হবে।

১৪। ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান সংক্রান্ত ঃ সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হয়। এ সংক্রান্ত রেকর্ড পর্যালোচনান্তে দেখা যায় বিগত ২০/১০/২০২২ খ্রিঃ তারিখ থেকে পরিদর্শনের তারিখ পর্যন্ত ৪ টি সভা অনুষ্ঠিত হয়েছে।

মন্তব্য/পরামর্শ ঃ ইহাতে সমিতি সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি ৪২(২) এর বিধান লংঘন করা হয়নি।

১৫। নিরীক্ষা কার্যক্রম ঃ সমিতির ২০২২-২০২৩ সমবায় বর্ষের নিরীক্ষা প্রতিবেদনের আলোকে আইনের ধারা ৪৭ মোতাবেক সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংশোধনী প্রতিবেদন এখনো দাখিল করা হয়নি। এ ক্ষেত্রে আইনের ধারা ৪৭ এর বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে।

১৬। ব্যাংক হিসাব সংক্রান্ত ঃ সমিতির নামে ব্যাংক হিসাব খোলা আছে। ৩০/০৬/২০২৩ ব্যাংক স্থিতির পরিমান ৪৭,৩৫৩/- টাকা।

১৮। হস্ত মজুদ তহবিল ঃ পরিদর্শনের তারিখে সমিতির জমা-খরচ বহি দৃষ্টে মজুত তহবিল ১,২০০/- টাকা মাত্র।

মন্তব্য/পরামর্শ ঃ সাধারণ সভায় অনুমোদিত পরিমানের অতিরিক্ত মজুদ তহবিলের সমুদয় টাকা অবিলম্বে সমিতির ব্যাংক হিসাবে জমা করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

১৯। সমিতি রেজিস্টার ও বহিসমূহ সংক্রান্ত ঃ সমিতিতে নিম্নে বর্ণিত ০৬ টি রেজিষ্টার হাল-নাগাদ তথ্য লিপিবদ্ধ অবস্থায় দেখা গেল।

মন্তব্য/পরামর্শ ঃ সমিতিতে হাল-নাগাদ তথ্য লিপিবদ্ধ করে প্রয়োজনীয় সংখ্যক রেজিষ্টার সংরক্ষণ করার ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আইনের ধারা ২৪ এবং বিধি ৫৬ এর বিধান অনুসরণ করতে বলা গেল।

২০। সমিতির সাইন বোর্ড, বিল বোর্ড এবং প্রচার পত্রে উহার নামের ব্যবহার ঃ সাইন বোর্ড, বিল বোর্ড এবং প্রচার পত্রে উহার নাম ব্যবহারের ক্ষেত্রে সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক আইনের ধারা ৯(২) ও ৯(৩) এর বিধান অনুসরণ করা হয়েছে।

২১। স্থায়ী সম্পদ ঃ পরিদর্শন কালে দেখা যায় সমিতির নিজস্ব কোন জায়গা জমিন নেই।

মন্তব্য/পরামর্শ ঃ সমিতির হিসাব রক্ষণ পদ্ধতি মোটামুটি সন্তোষজনক।

( মোঃ হাফিজুর রহমান )
উপজেলা সমবায় অফিসার
বিরল, দিনাজপুর।

স্মারক নং-৪৭.৬১.২৭১৭.০০০.৩৪.০০২.১৩.৫০ (৩) তারিখঃ ২৯/০২/২০২৪খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। জনাব উম্মে কুলসুম, সভাপতি বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি লিঃ, বিরল, দিনাজপুর। গ্রামঃ শংকরপুর, ডাকঘরঃ বিরল, উপজেলা ঃ বিরল, জেলাঃ দিনাজপুর। তাঁকে প্রতিবেদন প্রাপ্তির ১৫(পনের) কার্য দিবসের মধ্যে বর্ণিত ত্রুটি-বিচ্যুতি ও অনিয়মসমূহ এর ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে সংশোধনী প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

২। জেলা সমবায় অফিসার, দিনাজপুর।

৩। অফিস নথি।

29/02/2024

উপজেলা সমবায় অফিসার
বিরল, দিনাজপুর।